দৈনিক ইত্তেফাক

তারিখ ... 19 FEB 2015
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৫-৬

# নারায়ণগঞ্জে আর্থিক সংকটে স্বপ্নডানা স্কুল

■ নারায়ণগঞ্জ প্রতিনিধি

নারায়ণগঞ্জ 'চাঁদমারী' বস্তি উচ্ছেদ অসহায়দের জন্য গড়ে তোলা 'স্বপ্নডানা' নামের শিক্ষা প্রতিষ্ঠানটি আর্থিক সংকটে পড়েছেন। এ প্রতিষ্ঠানের তত্ত্বাবধায়ক নারায়ণগঞ্জ সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা (ইউএনও) গাউছুল আজম বুধবার সাংবাদিকদের কাছে এ সংকটের কথা জানান। ফলে এ প্রতিষ্ঠানে ১৮০ শিক্ষার্থীর ভবিষ্যত নিয়ে উঠেছে শংকা।

দিনের সব'কটি প্রহর জুড়েই স্কুলটিতে শিক্ষাদানসহ কারিগরি প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। নিরাপত্তার জন্যও রাখা হয়েছে দুইজন নৈশ প্রহরী, মাসিক ভিত্তিতে সম্মানী প্রদান করে প্রতিষ্ঠানটি।

দরিদ্র শিক্ষার্থীদের হাতে বিনামূল্যে বই, ব্যাগ, খাতা, কলম তুলে দেয়া হলেও এখনও পর্যন্ত তাদের জন্য পোশাক তৈরি করে দেয়া সম্ভব হয়নি।

গাউছুল আজম জানান, আমার ইচ্ছা স্কুলটি অন্য দশটি স্কুলের মতই পরিচালিত হোক। আমি নারায়ণগঞ্জ থেকে চলে যাওয়ার পরও যেন স্কুলটি থাকে। দরিদ্র ছেলেমেয়েরা এখান থেকে বিনামূল্যে শিক্ষা গ্রহণ করতে পারে। আমি স্কুলটি পরিচালনার জন্য নারায়ণগঞ্জের বিত্তবান ও ব্যবসায়ী সংগঠনগুলোর কাছে সহযোগিতা কামনা করছি।

স্বপ্নডানা স্কুলে শিক্ষা গ্রহণ করা সকল দরিদ্র শিক্ষার্থীর হাতে বিনামূল্যে বই, ব্যাগ, খাতা, কলম তুলে দেয়া হলেও এখনও পর্যন্ত তাদের জন্য পোশাক তৈরি করে দেয়া সম্ভব হয়নি। সেই সাথে স্কুলের শিক্ষকদের মাসিক সম্মানী ও নৈশ প্রহরীদের বেতন প্রদানেও হিমশিম খেতে হচ্ছে ইউএনও গাউছুল আজমকে।



নারায়ণগঞ্জ: মাদক স্পট উচ্ছেদ করে গড়ে তোলা স্বপ্নডানা শিক্ষা প্রতিষ্ঠান -ইত্তেফাক